দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 24 MAY 1989
পৃষ্ঠা ... কলাম 6

## শিক্ষাখাত প্রসঙ্গ

প্রেসিডেন্ট এরশাদ বলেন, আমাদের ভবিষ্যৎ সম্পর্কে অনিশ্চয়তা এবং সেই সঙ্গে জীবন ধারণের ব্যাপারে উদ্যমহীনতাই শিক্ষাখাতে অবনতির কারণ। আমরা যদি আমাদের উন্নয়নে কিছু ইতিবাচক ফল তুলিয়া ধরিতে পারি, তবে শিক্ষাক্ষেত্রের অবনতি দূরীভূত হইবে এবং ছাত্ররা বাঁচিয়া থাকার অর্থ খুঁজিয়া পাইবে।

প্রেসিডেন্ট বলেন, তিনি কর্মকর্তাদের ডাকিয়াছেন, কারণ তাঁহার মনে হইয়াছে যে, বাস্তবতার ভিত্তিতে আলোচনা অনুষ্ঠিত হওয়া প্রয়োজন। প্রেসিডেন্ট বলেন, আমাদের কাজের জন্য আত্মসমালোচনার এবং সেই সঙ্গে গত ৭ বছরে আমাদের অর্জিত অগ্রগতি মূল্যায়নের সময় আসিয়াছে। আমরা যদি আমাদের দোষ-ত্রুটি কাটাইয়া উঠিতে পারি, তবে নিশ্চিতভাবে বাংলাদেশকে একটি উন্নত দেশ হিসাবে গড়িয়া তুলিতে পারিব। তিনি বলেন, দেশে কোন রাজনৈতিক অসন্তোষ না থাকায় এই লক্ষ্য অর্জনের জন্য আমাদের প্রচেষ্টা চালানোর ইহাই সর্বোত্তম সময়।